

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
[www.ccb.gov.bd](http://www.ccb.gov.bd)

স্মারক নম্বর- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০৩০.২৩-৭০৪

তারিখ: ২০-০৯-২০২৩

**বিষয়: বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সমন্বয়ে অনুষ্ঠিত কনসালটেশন সভার রেকর্ড অব নোটস।**

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের উদ্যোগে কমিশনের সভাকক্ষে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের কর্মকর্তাগণের সমন্বয়ে ১৮.৯.২০২৩ তারিখ বেলা ৩:০০ মিনিটে এক কনসালটেশন সভা আয়োজন করা হয়। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন প্রদীপ রঞ্জন চক্রবর্তীর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সদস্য জনাব শীষ হায়দার চৌধুরী, এনডিসি ও উভয় প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন (উপস্থিতির বিবরণ 'পরিশিষ্ট ক' তে সংযুক্ত করা হলো)।

০২। পারস্পরিক পরিচিতি এবং শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে সভার কাজ আরম্ভ করা হয়। এরপর বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মহোদয় সভায় সূচনা বক্তব্য উপস্থাপন করেন এবং কমিশনের কার্যাবলী ও প্রতিযোগিতা আইনের বিষয়ে আলোকপাত করার জন্য জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন-কে অনুরোধ জানান। সভাপতির আহ্বানক্রমে তিনি সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উল্লিখিত বিষয়াদি উপস্থাপন করেন। প্রতিযোগিতা কমিশনের উপস্থাপনার পর বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সম্মানিত সদস্য এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ প্রাইস ফোরকাস্ট, মিল গেইট প্রাইস, প্রাইস ফিক্সিং ডিউটি স্ট্রাকচার, এইচ এস কোড, ক্যাপাসিটি বিল্ডিং, অবহিতকরণ কর্মসূচি ইত্যাদি বিষয়ে নিজ নিজ অভিজ্ঞতার আলোকে বক্তব্য উপস্থাপন করেন।

০৩। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সুপারিশ করা হয়:

- (১) প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকল্পে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন জয়েন্ট টাস্ক ফোর্স হিসেবে কাজ করতে পারে। বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন কর্তৃক মাঠ পর্যায়ে বাজার পরিদর্শনকালে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তা সেখানে অংশগ্রহণ করতে পারেন। এ বিষয়ে প্রয়োজনীয় অনুমতি প্রদানের জন্য বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের চেয়ারম্যান মহোদয়কে অনুরোধ জানানো হয়;
- (২) বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন বিভিন্ন বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। এ সব গবেষণা প্রতিবেদন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সাথে শেয়ার করার জন্য সুপারিশ করা হয়;
- (৩) এইচ এস কোড, ডিউটি স্ট্রাকচার, প্রাইস ফিক্সিং ইত্যাদি বিষয়ে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের সহায়তায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করার জন্য সুপারিশ করা হয়;
- (৪) বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনের ব্যবস্থাপনায় পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তাগণকে অন্তর্ভুক্ত করার জন্য সুপারিশ করা হয়;
- (৫) ক্যাপাসিটি বিল্ডিংয়ের স্বার্থে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কর্মকর্তাগণকে পর্যায়ক্রমে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশনে শর্ট ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ হতে সুপারিশ করা হয়।



(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)


চেয়ারপার্সন  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

স্মারক নাম্বার- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০৩০.২৩-৭৫৪

তারিখ: ২৩-০৯-২০২৩

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ০১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা;
- ০৩। সদস্য (সকল), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। চেয়ারপার্সন মহোদয়ের ব্যক্তিগত সহকারী (চেয়ারপার্সন মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। অফিস কপি।



(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)

চেয়ারপার্সন  
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন